যুগান্তর

তারিখ ... 07 APR 2017
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

এইচএসসি ও সমমান পরীক্ষা

# কালো গ্লাসের গাড়িতে প্রশ্নপত্র বহনে নিষেধাজ্ঞা

**যুগান্তর রিপোর্ট**

এইচএসসি ও সমমানের পরীক্ষার তৃতীয় দিনে একজন শিক্ষকসহ সারা দেশে ১৪১ জন বহিষ্কার হয়েছে। এদিন ১৪ হাজার ৪৭১ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল। গত বছর এই দিনে ১৩৩ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছিল। অনুপস্থিত ছিল ১৪ হাজার ১৩৯ জন শিক্ষার্থী।

বৃহস্পতিবার সকালে দেশের অন্যান্য কেন্দ্রের মতোই ঢাকা জেলা ট্রেজারি থেকে রাজধানীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র প্রশ্নপত্র সংগ্রহ করতে যায়। এ সময় বনানী বিদ্যানিকেতন, মিরপুর গার্লস আইডিয়াল কলেজ, উত্তরা টাউন কলেজ এবং বিএএফ শাহীন কলেজ তেজগাঁও কালো গ্লাসের গাড়ি নিয়ে যায়। ঢাকা বোর্ডের কর্মকর্তারা বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ে রিপোর্ট করেন। এরপর পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# কালো গ্লাসের গাড়িতে প্রশ্নপত্র

(৩য় পৃষ্ঠার পর)

রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শনকালে প্রশ্নপত্র পরিবহনে কালো গ্লাসের গাড়ি নিষিদ্ধ করেন। পাশাপাশি তিনি স্বচ্ছ গ্লাসের গাড়ি ব্যবহারের নির্দেশনা দেন। মন্ত্রীর ঘোষণার পরপরই ঢাকা শিক্ষা বোর্ড এ সংক্রান্ত অফিস আদেশ জারি করেছে। পাশাপাশি ৯ এপ্রিলের মধ্যে বোর্ডের অধীন সব কেন্দ্রের সচিব এবং পরীক্ষা কমিটির সদস্যদের মোবাইল নম্বর তলব করেন। সে অনুযায়ী কমিটিতে থাকা শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের ব্যবহৃত যে ক'টি মোবাইল নম্বর আছে সব জমা দিতে হবে। এ প্রসঙ্গে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, কালো গ্লাসের গাড়ির ভেতরে অপরাধ সংঘটনের আশঙ্কা থাকে। এজন্য তা নিষিদ্ধ করা হয়েছে। আর কেন্দ্রে যেহেতু মোবাইল ফোন নিষিদ্ধ, তাই আমরা যাচাই করতেই নম্বর চেয়েছি। বৃহস্পতিবার এইচএসসিতে ইংরেজি প্রথমপত্র এবং মাদ্রাসায় আলিমে আরবি দ্বিতীয়পত্র বিষয়ের পরীক্ষা ছিল। কারিগরি বোর্ডের অধীনে সকাল ও বিকালে দু'বেলা পরীক্ষা ছিল। সকালে এইচএসসি এবং বিকালে একাদশ শ্রেণীর শিক্ষার্থীরা পরীক্ষা দেয়। উভয় গ্রুপেরই উচ্চতর গণিত এবং গণিতের পরীক্ষা ছিল। এদিন সর্বমোট ১০ লাখ ৬১ হাজার ৪৮ জন শিক্ষার্থীর পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিল। কিন্তু অংশ নেয় ১০ লাখ ৪৬ হাজার ৫৭৭ জন। অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ২৭৫৮ জন, কুমিল্লা বোর্ডে ১১৪২, চট্টগ্রামে ৯৩৬, রাজশাহীতে ১৫৪৯, যশোরে ১২৯৭, দিনাজপুরে ১১৬৭, সিলেটে ৬৭৯ ও বরিশাল বোর্ডে ৭১১ জন। মাদ্রাসা বোর্ডে ২৭৩৫ জন এবং কারিগরি বোর্ডে ১৪৯৭ জন অনুপস্থিত ছিল। পরীক্ষায় অসুদপায় অবলম্বনের দায়ে ঢাকা বোর্ডে ৩০ জন, কুমিল্লা বোর্ডে ৮ জন, চট্টগ্রামে ৫ জন, যশোরে ১৮, সিলেটে ২, দিনাজপুরে ৭ জন ও বরিশাল বোর্ডে ১৬ জন বহিষ্কার হয়েছে। মাদ্রাসা বোর্ডে ১৮ জন এবং কারিগরি বোর্ডে ৩৭ জন বহিষ্কৃত হয়। একমাত্র বহিষ্কৃত শিক্ষক দিনাজপুর বোর্ডের।

**পরীক্ষা কেন্দ্রে শিক্ষামন্ত্রী :** পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী অপেক্ষমাণ অভিভাবকদের সঙ্গে কথা বলেন এবং পরীক্ষা পদ্ধতিসহ বিভিন্ন বিষয়ে তাদের মতামত জানতে চান। অভিভাবকরা উৎসাহের সঙ্গে তাদের অভিমত তুলে ধরেন। মন্ত্রী মনোযোগ সহকারে তাদের কথা শোনেন এবং বিভিন্ন বিষয়ের জবাব দেন। পরিদর্শনকালে ঢাকা বোর্ডের চেয়ারম্যানসহ অন্য কর্মকর্তারা সঙ্গে ছিলেন। সিদ্ধেশ্বরী গার্লস কলেজের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান এসএ মাহমুদ এবং কলেজের অধ্যক্ষ কানিজ ফাতেমা আকতার উপস্থিত ছিলেন।